

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৯৮

১/ বিবিধ

আরবী

لما قدم المدينة جعل النساء والصبيان والولائد يقلن
طلع البدر علينا من ثنيات الوداع
وجب الشكر علينا ما دعا لله داع
ضعيف

رواه أبو الحسن الخليفي في " الفوائد " (2 / 59) وكذا البيهقي في " دلائل النبوة " (2 / 233 - ط) عن الفضل بن الحباب قال: سمعت عبد الله بن محمد بن عائشة يقول فذكره. وهذا إسناد ضعيف رجاله ثقات، لكنه معضل سقط من إسناده ثلاثة رواة أو أكثر، فإن ابن عائشة هذا من شيوخ أحمد وقد أرسله وبذلك أعلاه الحافظ العراقي في " تخريج الإحياء " (2 / 244) . ثم قال البيهقي كما في تاريخ ابن كثير (5 / 23) : " وهذا يذكره علماؤنا عند مقدمه المدينة من مكة لأنه لما قدم المدينة من ثنيات الوداع عند مقدمه من تبوك " . وهذا الذي حكاه البيهقي عن العلماء جزم به ابن الجوزي في " تلبيس إبليس " (ص 251 تحقيق صاحبي الأستاذ خير الدين وانلي) ، لكن رده المحقق ابن القيم فقال في " الزاد " (3 / 13) : وهو وهم ظاهر لأن " ثنيات الوداع " إنما هي ناحية الشام لا يراها القادم من مكة إلى المدينة ولا يمر بها إلا إذا توجه إلى الشام ومع هذا فلا يزال الناس يرون خلاف هذا التحقيق، على أن القصة برمتها غير ثابتة كما رأيت

(تنبيهه) : أورد الغزالي هذه القصة بزيادة: " بالدف والألحان " ولا أصل لها كما أشار لذلك الحافظ العراقي بقوله: " وليس فيه ذكر للدف والألحان ". وقد اغتر بهذه الزيادة بعضهم فأورد القصة بها، مستدلاً على جواز الأناشيد النبوية المعروفة اليوم! فيقال له: " أثبت العرش ثم انقش " ! على أنه لو صحت القصة لما كان فيها حجة على ما ذهبوا إليه كما سبقت الإشارة لهذا عند الحديث (579) فأغنى عن الإعادة

বাংলা

৫৯৮। তিনি [নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] যখন মদীনায় আগমন করলেন তখন মহিলা এবং শিশু সম্ভানেরা বলতে লাগলোঃ আমাদের উপর সানাইয়াতুল ওয়াদার দিক হতে চন্দ্র উদিত হয়েছে। আল্লাহর সম্ভষ্টির জন্য দাওয়াত দানকারী যে দাওয়াত দিচ্ছে তার জন্য আমাদের শুকরিয়া আদায় করা উচিত।

হাদীছটি দুর্বল।

এটি আবুল হাসান আল-খাল'ঈ "আল-ফাওয়ায়েদ" (২/৫৯) গ্রন্থে, অনুরূপভাবে বাইহাকী "দালায়েলুল নুবওয়াহ" (২/২৩৩-ত্ব) গ্রন্থে ফায়ল ইবনুল হুবাব হতে তিনি আব্দুল্লাহ ইবনু মুহাম্মাদ হতে ... বর্ণনা করেছেন।

এ সনদটি দুর্বল। বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। কিন্তু সনদটি মু'যাল। এর সনদ হতে তিন বা ততোধিক বর্ণনাকারীকে ফেলে দেয়া হয়েছে। (এরূপ সনদকেই মুযাল বলা হয়)। বাইহাকী বলেন যেমনটি "তারীখু ইবনু কাসীর" (৫/২৩) গ্রন্থে এসেছেঃ এটি আমাদের আলেমগণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মক্কা হতে মদীনায় আগমন করেন তখনকার ঘটনা হিসাবে উল্লেখ করেছেন। তাবুক হতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফিরে আসার সময় সানিয়াতুল ওয়াদা হতে মদীনায় প্রবেশের সময়কার ঘটনা হিসাবে নয়।

আলেমদের উদ্ধৃতিতে বাইহাকী এরূপই বর্ণনা করেছেন। ইবনুল জাওয়ী "তালবীসু ইবলীস" (পৃঃ ২৫১) গ্রন্থে দৃঢ়তার সাথে তা উল্লেখ করেছেন।

কিন্তু ইবনুল কাইয়িম তার প্রতিবাদ করে (৩/১৩) বলেছেনঃ সেটি ধারণা মাত্র। কারণ সানিয়াতুল ওয়াদা শাম দেশের দিকে। মক্কা হতে মদীনা আগমনকারী ব্যক্তি সে স্থানকে দেখতে পায় না। শাম দেশ ভ্রমণকারী ছাড়া তাকে অন্য কেউ অতিক্রম করে না। তা সত্ত্বেও লোকেরা উক্ত ব্যাখ্যার বিপরীত বলে থাকে। ঘটনাটি আসলে সাব্যস্তই হয়নি!

নির্দেশনাঃ গায়ালী এ ঘটনাটি একটু বাড়িয়ে বলেছেনঃ তিনি বলেছেন যে, দফ বাজিয়ে এবং সূর করে তারা উক্ত কবিতা পাঠ করেছিল। অথচ এর কোন ভিত্তি নেই। যেমনটি হাফিয ইরাকী ইঙ্গিত দিয়েছেন

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71477>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন